

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ২, দিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

### আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «التَّاجِرُ الصَّدُوقُ الْأَمِينُ معَ النبِّيينَ والصِّدِّيقينَ والشهداءِ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَالدَّارَقُطْنِيّ.

#### বাংলা

২৭৯৬-[৭] আবৃ সা'ঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সত্যবাদী, আমানতদার ব্যবসায়ী (কিয়ামতের দিন) নবী, সিদ্দীক ও শহীদদের দলে থাকবেন। (তিরমিযী, দারাকুত্বনী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১২০৯, দারিমী ২৫৮১, দারাকুত্বনী ২৮১৩, য'ঈফ আল জামি' ২৫০১, সহীহ আত্ তারগীব ১৭৮২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (التَّاجِرُ الْصَّدُوْقُ الْأَمِيْنُ) "সত্যনিষ্ঠ ও আমানতদার ব্যবসায়ী" অর্থাৎ যে ব্যবসায়ী সর্বদা সত্য বলে মিথ্যার আশ্রয় নেয় না, সেই সাথে আমানতদারিতা রক্ষা করে, খিয়ানাত করে না; সে ব্যবসায়ী নাবী, সত্যবাদী ও শহীদগণের দলভুক্ত হবেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন